

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (নবী হিসেবে) প্রেরিত হওয়ার পূর্ববর্তী (আসমানী) কিতাবসমূহে লিখিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের গুণাবলী

بَابِ صِفَةِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْكُتُبِ قَبْلَ مَبْعَثِهِ

আরবী

أَخْبَرَنَا مُجَاهِدُ بْنُ مُوسَى، حَدَّثَنَا رَيْحَانُ هُوَ ابْنُ سَعِيد، حَدَّثَنَا عَبَّادٌ هُوَ ابْنُ مَنْصُورٍ، عَنْ أَبِّي قِلاَبَةَ، عَنْ عَطِيَّةَ، أَنَّهُ سَمِعَ رَبِيعَةَ الْجُرَشِيَّ، يَقُولُ: أُتِيَ النَّبِيُّ صَلَّى عَنْ أَيُّوبَ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ عَطِيَّةَ، أَنَّهُ سَمِعَ رَبِيعَةَ الْجُرَشِيَّ، يَقُولُ: أُتِيَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقِيلَ لَهُ: لِتَنَمْ عَيْنُكَ، وَلْتَسْمَعْ أُذُنُكَ، وَلْيَعْقِلْ قَلْبُكَ، قَالَ: " فَنَامَتْ عَيْنَايَ، وَسَمِعَتْ أُذُنَايَ، وَعَقَلَ قَلْبِي "، قَالَ: فَقِيلَ لِي: سَيِّدٌ بَنَى دَارًا فَصَنَعَ مَأْدُبَةً، وَأَرْسَلَ دَاعِيًا، فَمَنْ أَجَابَ الدَّاعِيَ، دَخَلَ الدَّارَ، وَأَكَلَ مِنْ الْمَأْدُبَةِ، وَسَخِطَ عَلَيْهِ السَّيِّدُ، قَالَ: " فَاللَّهُ السَّيِّدُ، قَالَ: " فَاللَّهُ السَّيِّدُ، قَالَ: " فَاللَّهُ السَّيِّدُ، قَالَتَهُ السَّيِّدُ، وَمُحَمَّدُ: الدَّاعِيَ، وَالدَّارُ: الْإِسْلَامُ، وَالْمَأْدُبَةِ، وَسَخِطَ عَلَيْهِ السَّيِّدُ، قَالَ: " فَاللَّهُ السَّيِدُ، قَالَتَهُ السَّيِّدُ، وَمُحَمَّدُ: الدَّاعِي، وَالدَّارُ: الْإِسْلَامُ، وَالْمَأْدُبَةِ، وَسَخِطَ عَلَيْهِ السَّيِدُ، قَالَ: " فَاللَّهُ السَّيِدُ، وَمُحَمَّدُ: الدَّاعِي، وَالدَّارُ: الْإِسْلَامُ، وَالْمَأْدُبَةِ، الْجَنَّةُ السَّيِدُ، وَمُحَمَّدُ: الدَّاعِي، وَالدَّارُ: الْإِسْلَامُ، وَالْمَأْدُبَةِ: الْجَنَّةُ

إسناده ضعيف لضعف عباد بن منصور

বাংলা

১১. আতিয়াহ, রবী'আহ আল-জুরাশীকে বলতে শুনেছেন: তিনি বলেছেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট একজন আগন্তুকে এল, অতঃপর তাঁকে বলা হল, আপনার চক্ষু ঘুমাক, আপনার কর্ণ শ্রবণ করুক এবং আপনার অন্তর উপলব্ধি করুক।

তিনি বলেন: 'তখন আমার চক্ষুদ্বয় ঘুমিয়ে গেল, আমার কর্ণদ্বয় শুনতে থাকল এবং আমার অন্তর উপলদ্ধি করতে থাকল।' তারপর আমাকে বলা হল, একজন অধিকর্তা একটি গৃহ নির্মাণ করলেন, এবং সেখানে খাবারের আয়োজন করলেন। আর একজন আহ্বানকারীকে প্রেরণ করলেন (সবাইকে দাওয়াত দেয়ার জন্য)। ফলে যে ব্যক্তি আহ্বানকারীর আহ্বানে সাড়া দিল, সে গৃহে প্রবেশ করল, খানা খেল এবং সেই অধিকর্তা তার প্রতি সম্ভুষ্ট হলেন। আর যে ব্যক্তি আহ্বানকারীর আহ্বানে সাড়া দিল না, সে গৃহে প্রবেশ করতে পারল না, খানাও খেতে



পারল না এবং সেই অধিকর্তাও তার প্রতি অসম্ভষ্ট হলেন ।

তিনি বললেন: সুতরাং আল্লাহই হলেন সেই অধিকর্তা, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হলেন সেই আহ্বানকারী এবং গৃহটি হল ইসলাম, আর ভোজ আয়োজন হল জান্নাত।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ। ইবাদ ইবনু মানসুর যয়ীফ।

তাখরীজ: তাবারানী, আল কাবীর ৫/৬৫ নং ৪৫৯৭; মুহাম্মদ ইবনু নাছর, আস সুন্নাহ নং ১০৯।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন